

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী শাখা
ঢাকা।

১৯.০০.০০০০.২১৫.৯৯.০১২.২০১০/১৭২০

২৭ সেপ্টেম্বর ২০১৭

প্রেরক: মোঃ শোয়াইব-উল-ইসলাম তরফদার
সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক: জনাব ইকবাল আহমেদ
পরিচালক, পররাষ্ট্র সচিবের দপ্তর
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়: আগামী ৪-৬ অক্টোবর ২০১৭ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিতব্য World Economic Forum (WEF) কর্তৃক আয়োজিত India Economic Summit (IES)-এ অংশগ্রহণের নিমিত্ত জনাব ইকবাল আহমেদ, পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, আগামী ৪-৬ অক্টোবর ২০১৭ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিতব্য World Economic Forum (WEF) কর্তৃক আয়োজিত India Economic Summit (IES)-এ জনাব ইকবাল আহমেদ, পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয় অংশগ্রহণ করবেন।

২। উক্ত সম্মেলনে যোগদানের লক্ষ্যে তিনি আগামী ৩ অক্টোবর ২০১৭ বা তার নিকটবর্তী সময়ে নয়াদিল্লীর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ৬ অক্টোবর ২০১৭ বা তার নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

৩। বর্ণিত সম্মেলনে তাঁর অংশগ্রহণ ও ভ্রমণকাল সরকারী কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে। এ সফরের যাবতীয় ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।

৪। এই সফরে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

— স্বাক্ষর —

মোঃ শোয়াইব-উল-ইসলাম তরফদার
সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী)
ফোন-৪৭১১০৬৪২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ২। পরিচালক (অর্থ/সংস্থাপন/এফএমও/এসএমও/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সফর/বাজেট/তহবিল/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৬। বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লী।
- ৭। অফিস কপি।

— স্বাক্ষর —
২৭.০৯.১৭

মোঃ শোয়াইব-উল-ইসলাম তরফদার
সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী)
ফোন-৪৭১১০৬৪২